কালের কণ্ঠ

17 JAN 2017

# ‘বিসিএস ছাড়া ক্যাডারভুক্ত নয়’

## শিক্ষকদের স্বার্থ সুরক্ষার দাবি দেশজুড়ে

**প্রিয় দেশ ডেস্ক ▷**

জাতীয়করণ করা কলেজ শিক্ষকদের ক্যাডারভুক্ত না করার (বিসিএস ছাড়া ক্যাডার সার্ভিস নয়) দাবিতে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভা ও সংবাদ সম্মেলন করেছে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি (সাশিস)। গতকাল সোমবার সারা দেশে অনুষ্ঠিত এ কর্মসূচিতে বক্তারা বলেন, বেসরকারি কলেজ জাতীয়করণের ক্ষেত্রে বিসিএস ক্যাডারভুক্ত শিক্ষকদের স্বার্থ ও মর্যাদা সুরক্ষা করতে হবে। এ জাতীয়করণ প্রক্রিয়া বাস্তবায়নে জাতীয় শিক্ষানীতি ২০১০-এ বর্ণিত নির্দেশনার আলোকে সংশ্লিষ্ট কলেজ শিক্ষকদের ক্যাডারবহির্ভূত রেখে নিয়োগ, পদায়ন, জ্যেষ্ঠতা, পদোন্নতি, পরিচালনা ও চাকরির জন্য স্বতন্ত্র বিধিমালা প্রণয়ন করতে হবে। অন্যথায় বিসিএস পরীক্ষার মাধ্যমে নিয়োগ পাওয়া শিক্ষকরা বঞ্চনার শিকার হবেন। উৎসাহ হারাবেন। ভবিষ্যতে শিক্ষা ক্যাডারের প্রতি নিরুৎসাহিত হবেন মেধাবীরা। ধ্বংস হয়ে যাবে সামগ্রিক শিক্ষাব্যবস্থা।

**ঝালকাঠি :** সকালে ঝালকাঠি প্রেস ক্লাব মিলনায়তনে বিসিএস সাশিস ঝালকাঠি শাখার সভাপতি ড. আ জ ম রুহুল কাদীরের সভাপতিত্বে মতবিনিময় সভায় বক্তব্য দেন সংগঠনের সাধারণ সম্পাদক মো. ইলিয়াস বেপারী, মো. আবদুস সালাম, মাহামুদ মোর্শেদ ও নুসরাত জাহান।

**গাজীপুর :** গাজীপুর প্রেস ক্লাব মিলনায়তনে সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ও ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের অধ্যক্ষ জেরিনা সুলতানা। বক্তব্য দেন টঙ্গী সরকারি কলেজের অধ্যক্ষ মো. রফিকুল ইসলাম, সমিতির সাধারণ সম্পাদক ফারজানা পারভীন, সহযোগী অধ্যাপক অসীম বর্মণ, মহিবুল হোসেন, কামরুল হাসান, শাহরিয়ার হাসান, আসাদুজ্জামান প্রমুখ।

**নীলফামারী :** নীলফামারী সরকারি কলেজে সকালে মতবিনিময় সভায় বিসিএস সাশিসের দাবিসংবলিত লিখিত বক্তব্য পাঠ করেন ওই কলেজ শাখার সাধারণ সম্পাদক জাহেদুল ইসলাম। বক্তব্য দেন সংগঠনের কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য ও সৈয়দপুর সরকারি কারিগরি কলেজের অধ্যক্ষ ড. শাহ মোহাম্মদ আমীর আলী, নীলফামারী সরকারি কলেজ শাখার সহসভাপতি ওবায়দুল আনোয়ার প্রমুখ।

**গাইবান্ধা :** গাইবান্ধা প্রেস ক্লাবের সামনে মানববন্ধনে জেলার সরকারি কলেজের শিক্ষকরা অংশ নেন। বক্তব্য দেন বিসিএস সাশিসের যুগ্ম মহাসচিব অমিত পার্থ, গাইবান্ধা সরকারি কলেজের উপাধ্যক্ষ মো. মিজানুর রহমান, বিসিএস সাশিস নেতা এস এম আশাদুল ইসলাম, মো. সানাউল্যাহ, প্রভাষক জিল্লুর রহমান শাহীন, অধ্যাপক খন্দকার সারওয়ার হোসেন, বাবুল আকতার প্রমুখ। পরে প্রেস ক্লাব মিলনায়তনে সাংবাদিকদের সঙ্গে শিক্ষকদের মতবিনিময় সভা হয়।

**ভোলা :** সকালে ভোলা সরকারি কলেজে মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন বিসিএস সাশিস নেতা ও কলেজটির অধ্যক্ষ পারভীন আখতার। অন্যদের মধ্যে বক্তব্য দেন উপাধ্যক্ষ আব্দুল কাদের ও সহকারী অধ্যাপক মো. মাসুদ।

**কুড়িগ্রাম :** বিসিএস সাশিস কুড়িগ্রাম সরকারি কলেজ ইউনিট মতবিনিময় সভা করে। দুপুরে কুড়িগ্রাম প্রেস ক্লাবে সভায় দাবি উপস্থাপন করেন কলেজ ইউনিটের সভাপতি আব্দুর রশীদ সরকার। উপস্থিত ছিলেন সাধারণ সম্পাদক ড. আবু নুর মো. আনিসুজ্জামান, কেন্দ্রীয় কমিটির সাধারণ সদস্য ইলিয়াস আহমেদ, সহযোগী অধ্যাপক কাজী শফিকুর রহমান, সহকারী অধ্যাপক মোস্তাফিজুর রহমান খান প্রমুখ।

**ফেনী :** বিসিএস সাশিস ফেনী জেলা ইউনিট সকালে ফেনী সরকারি কলেজ মিলনায়তনে সংবাদ সম্মেলন করে। বক্তব্য দেন কলেজের অধ্যক্ষ আবুল কালাম আজাদ, সাশিসের সাবেক কেন্দ্রীয় যুগ্ম মহাসচিব মো. মোক্তার হোসেন, ফেনী শাখার সাধারণ সম্পাদক ফখরুল আমিন পিন্টু, টিচার্স ট্রেনিং কলেজের উপাধ্যক্ষ মোহাম্মদ উল্যাহ, যুগ্ম সম্পাদক শামীম আক্তার।

**বরগুনা :** বিসিএস সাশিস জেলা শাখার উদ্যোগে সকালে বরগুনা প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন হয়। বক্তব্য দেন সংগঠনের জেলা শাখার সভাপতি মো. শাহ আলম হাওলাদার, বরগুনা সরকারি কলেজ ইউনিটের সভাপতি শুকদেব বাড়ৈ, সহকারী অধ্যাপক মো. মনজুরুল আলম ও মানীবুর রহমান মিয়া, প্রভাষক পুলিন চন্দ্র প্রমুখ।

**মানিকগঞ্জ :** দুপুরে মানিকগঞ্জ প্রেস ক্লাবে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বিসিএস সাশিসের সাধারণ সম্পাদক আবুবকর ছিদ্দিক মোল্লা। পরে সাশিস নেতারা সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন। উপস্থিত ছিলেন সাশিস জেলা শাখার সভাপতি আবুল ইসলাম শিকদার, সাধারণ সম্পাদক আবুবকর ছিদ্দিক মোল্লা, কেন্দ্রীয় নেতা জাফর ইকবালসহ বিভিন্ন কলেজের অধ্যক্ষ, উপাধ্যক্ষ ও সাশিস সদস্যরা।

**মাগুরা :** মাগুরা প্রেস ক্লাব মিলনায়তনে জেলা বিসিএস সাশিসের সভাপতি অধ্যাপক অশোক কুমার মৌলিকের সভাপতিত্বে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের সাধারণ সম্পাদক আবু সাঈদ মোল্যা।